

যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (যবিপ্রবি) শিল্প উৎপাদন ও প্রকৌশল (আইপিই) বিভাগের শিক্ষার্থীদের হাতেকলমে শেখার জন্য নির্মিত একমাত্র প্রকৌশল ওয়ার্কশপটি এখন নিরাপত্তাকর্মীদের (আনসার) আবাসস্থল। যন্ত্রপাতিহীন ওয়ার্কশপটিতে বিশ্ববিদ্যালয়ে কর্মরত নিরাপত্তা প্রহরীরা ঘুমায়।

বিশ্ববিদ্যালয় সূত্রে জানা যায়, আইপিই বিভাগের শিক্ষার্থীদের হাতেকলমে শিক্ষা, নতুন নতুন যন্ত্রপাতি আবিষ্কার ও কর্মক্ষেত্রে দক্ষতা বাড়ানোর লক্ষ্যে প্রায় ৪০ লাখ টাকা ব্যয়ে ওয়ার্কশপটি নির্মাণ করা হয়। কিন্তু নির্মাণের পর তা শিক্ষার্থীদের কোনো কাজে আসেনি। এর ফলে কর্মক্ষেত্রে বিরম্বনার শিকার হচ্ছেন গ্র্যাজুয়েটরা।

অর্থচ শুধু আইপিই বিভাগই নয়, ওয়ার্কশপটি চালু হলে বিশ্ববিদ্যালয়ের প্রকৌশল অনুষদের সব বিভাগের শিক্ষার্থীরা হাতেকলমে শেখার সুযোগ পাবেন সেখানে এবং বিশ্ববিদ্যালয়ের সব মেশিনারিজ যন্ত্রপাতি ও ব্যবহার উপযোগী রাখা যাবে।